রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, অক্টোবর ২৩, ১৯৯০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অর্থ বিভাগ

প্রশাসন অনুবিভাগ

শাখা—৩

প্রজ্ঞাপন

ঢাকা, ৫ই কার্তিক ১৩৯৭/২১শে অক্টোবর ১৯৯০

এস, আর, ও নং ৩৬৩-আইন/৯০—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ নম্বর অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথাঃ

১। সংক্ষিপ্ত শিরোনাম।—এই বিধিমালা "অর্থ বিভাগের (স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান অনুবিভাগে) বিশেষজ্ঞ নিয়োগ বিধিমালা, ১৯৯০" নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞাসমূহ।—বিষয় কিংবা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে এই বিধিমালায়—

(ক) 'কমিশন' বলিতে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনকে বুঝাইবে;

(খ) 'তফসিল' বলিতে বিধিমালার সহিত সংযোজিত তফসিল বুঝাইবে;

(গ) 'নিয়োগকারী কর্তৃপক্ষ' বলিতে সরকার বুঝাইবে এবং কোন নির্দিষ্টকৃত পদ অথবা এইরূপ পদ শ্রেণীর সহিত সম্পর্কিত নিয়োগ এর ব্যাপারে সরকার কর্তৃক ক্ষমতা প্রদত্ত যে কোন কর্মকর্তা ইহার অন্তর্ভুক্ত হইবে;



মূল্যঃ ৬০ পয়সা

(ঘ) 'নির্দিষ্ট পদ' বলিতে তফসিলে উল্লেখিত পদ বুঝাইবে ;

(ঙ) 'প্রয়োজনীয় যোগ্যতা' বলিতে তফসিলে নির্দিষ্টকৃত পদের যোগ্যতা বুঝাইবে ;

(চ) শিক্ষানবিস' বলিতে নির্দিষ্টকৃত পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত কোন ব্যক্তিকে বুঝাইবে ; এবং

(ছ) 'স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয়' বা 'স্বীকৃতিপ্রাপ্ত বোর্ড' বলিতে আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা আইনের অধীনে প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ডকে বুঝাইবে এবং এই বিধির উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক অনুমোদিত বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ড ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। নিয়োগ পদ্ধতি।—(১) তফসিলে বর্ণিত বিধানসাপেক্ষে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলী সাপেক্ষে কোন নির্দিষ্টকৃত পদে নিম্নবিধৃত পদ্ধতিতে নিয়োগদান করা হইবে :—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে; অথবা

(গ) প্রেষণে বদলীর] মাধ্যমে।

(২) কোন ব্যক্তিকে কোন নির্দিষ্টকৃত পদে নিয়োগ করা হইবে না, যদি তজ্জন্য প্রয়োজনীয় যোগ্যতা তাহার না থাকে এবং সরাসরি নিয়োগ-ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়ঃসীমার মধ্যে না হয়।

৪। সরাসরি নিয়োগ।—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোন নির্দিষ্টকৃত পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা চলিবে না।

(২) কমিশনের আওতা বহির্ভূত পদসমূহের ক্ষেত্রে সংশ্লিষ্ট বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কোন নির্দিষ্টকৃত পদে সরাসরি নিয়োগ করা চলিবে না।

(৩) নির্দিষ্টকৃত পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবে না; যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের ডমিসাইল না হন;

তবে যে ব্যক্তি পূর্ব হইতেই প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্ত রহিয়াছেন তাহার ক্ষেত্রে এই দফা প্রযোজ্য হইবে না।

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোন নির্দিষ্টকৃত পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

(ক) নিয়োগ এর জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহা-পরিচালক কর্তৃক গঠিত মেডিক্যাল বোর্ড অথবা ক্ষেত্র বিশেষে তৎকর্তৃক মনোনীত কোন মেডিক্যাল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা নির্দিষ্টকৃত পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) এইরূপ বাছাইকৃত ব্যক্তির পূর্ব-কার্যকলাপ যথাযোগ্য এজেন্সীর মাধ্যমে তদন্ত না হইয়া থাকে ও তদন্তের ফলে দেখা যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৫) কোন ব্যক্তিকে কোন নির্দিষ্টকৃত পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগ কর্তৃপক্ষ/দপ্তর কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লেখিত ফিসহ যথাযথ ফরমে ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন;

(খ) সরকারী চাকুরী কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকাকালে স্বীয় উর্দ্ধতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। পদোন্নতির মাধ্যমে নিয়োগ।—(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বাছাই/নির্বাচন কমিটির সুপারিশের ভিত্তিতে নির্দিষ্টকৃত পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, ৩য় শ্রেণী হইতে ২য় শ্রেণী এবং ৩য় বা ২য় শ্রেণী হইতে ১ম শ্রেণীর নির্দিষ্টকৃত পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করিতে হইবে।

(২) যদি কোন ব্যক্তির চাকুরীর বৃত্তান্ত সন্তোষজনক না হয় তাহা হইলে তিনি নির্দিষ্টকৃত পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবে না।

৬। শিক্ষানবিসি।—(১) স্থায়ী শূন্য পদের বিপরীতে নির্দিষ্টকৃত পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিসি স্তরে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে বাস্তব নিয়োগের তারিখ হইতে দুই বৎসরের জন্য, এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ নিয়োগের তারিখ হইতে এক বৎসরের জন্য নিয়োগ করা হইবে:

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া শিক্ষানবিসীর মেয়াদ এইরূপ সম্প্রসারণ করিতে পারেন যাহাতে বর্ণিত মেয়াদ সর্ব সাকুল্যে দুই বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিসের শিক্ষানবিসীর মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে কিংবা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই, সেই ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে শিক্ষানবিসীর চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন;

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৩) শিক্ষানবিসীর মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিসীর মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক, তাহা হইলে (৪) উপ-বিধির বিধানসাপেক্ষে, তাহাকে চাকুরীতে স্থায়ী করিবেন; এবং

(খ) যদি মনে করেন যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৪) কোন শিক্ষানবিসকে কোন নির্দিষ্টকৃত পদে স্থায়ী করা হইবে না যতক্ষণ না সরকারী আদেশবলে সময়ে সময়ে যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি পাস করেন ও প্রশিক্ষণ গ্রহণ করেন।

তফসিল

| ক্রমিক নং। | নির্দিষ্টকৃত পদের নাম। | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়স-সীমা। | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | উর্দ্ধতন বিশ্লেষক (এম, আই, এস)। | .. | বিশ্লেষক পদধারীদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। | পদোন্নতির জন্য: ফিডার পদে ন্যুনপক্ষে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| | | অনূর্ধ ৪৫ বৎসর | পদোন্নতিযোগ্য ব্যক্তি না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | সরাসরি নিয়োগের জন্য: কোন স্বীকৃতিপ্রাপ্ত ইনষ্টিটিউট হইতে চার্টার্ড একাউনটেন্সী/কষ্ট এণ্ড ম্যানেজমেন্ট একাউন্টেন্সী ফাইনাল পরীক্ষায় উত্তীর্ণ এবং পাবলিক সেক্টর এন্টারপ্রাইজেস এর কার্যাবলী পরিচালনা ও ব্যবস্থাপনার ক্ষেত্রে ন্যুনপক্ষে ৫ (পাঁচ) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| | | | অথবা | অথবা |
| | | | সমপদমর্যাদা এবং সমবেতন স্কেলভুক্ত যোগ্য ও অভিজ্ঞতাসম্পন্ন সরকারী কর্মকর্তাদের মধ্য হইতে প্রেষণে/বদলী/নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃতিপ্রাপ্ত ইনষ্টিটিউট হইতে এম, বি, এ, ডিগ্রী এবং পাবলিক সেক্টর এন্টারপ্রাইজেস এর কার্যাবলী পরিচালনা ও ব্যবস্থাপনায় নুন্যপক্ষে ৮ (আট) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| ২ | উর্দ্ধতন বিশ্লেষক (অর্থনীতি)। | .. | বিশ্লেষক পদধারীদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। | পদোন্নতির জন্য: ফিডার পদে ন্যুনপক্ষে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | অনূর্ধ ৪৫ বৎসর | পদোন্নতিযোগ্য ব্যক্তি না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।<br><br>অথবা<br><br>সমমর্যাদা এবং সমবেতন স্কেলভুক্ত যোগ্য ও অভিজ্ঞতাসম্পন্ন সরকারী কর্মকর্তাদের মধ্য হইতে প্রেষণে/বদলী/নিয়োগের মাধ্যমে। | সরাসরি নিয়োগের জন্য : (১) কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে অর্থনীতি/পরিসংখ্যান বিষয়ে ন্যূনপক্ষে ২য় শ্রেণীর সম্মান সহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী।<br><br>অথবা<br><br>কোন স্বীকৃতিপ্রাপ্ত ইনষ্টিটিউট হইতে এম, বি, এ, ডিগ্রী এবং<br>(২) পাবলিক সেক্টর এন্টারপ্রাইজেস এর কার্যাবলী পরিচালনা ও ব্যবস্থাপনার ক্ষেত্রে ন্যূনপক্ষে ৮ (আট) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| ৩ | বিশ্লেষক | অনূর্ধ্ব ৩৫ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (১) কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে অর্থনীতি/পরিসংখ্যান/ব্যবস্থাপনা/একাউন্টেন্সী বিষয়ে ২য় শ্রেণীর সম্মানসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী<br>অথবা<br>কোন স্বীকৃতিপ্রাপ্ত ইনষ্টিটিউট হইতে, এম, বি, এ, ডিগ্রী/চার্টার্ড একাউন্টেন্সী অথবা কষ্ট এণ্ড ম্যানেজমেন্ট একাউন্টেন্সীতে ইন্টারমিডিয়েট পরীক্ষায় উত্তীর্ণ এবং<br><br>(২) পাবলিক সেক্টর এন্টারপ্রাইজেস এর কার্যাবলী পরিচালনা ও ব্যবস্থাপনার ক্ষেত্রে ন্যূনপক্ষে ৫ (পাচ) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। পরিসংখ্যান বিশ্লেষণ ও কম্পুটার ব্যবহার সম্পর্কে জ্ঞানসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪ | গবেষণা কর্মকর্তা | অনূর্দ্ধ ২৭ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে অর্থনীতি/পরিসংখ্যান/ব্যবস্থাপনা/একাউন্টেন্সী বিষয়ে ন্যূনপক্ষে ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা কোন স্বীকৃতিপ্রাপ্ত ইনষ্টিটিউট হইতে এম, বি, এ, ডিগ্রী। পরিসংখ্যান বিশ্লেষণে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদে অগ্রাধিকার দেওয়া হইবে। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

খোরশেদ আলম
সচিব
অর্থ বিভাগ
অর্থ মন্ত্রণালয়।

মোঃ সিদ্দিকুর রহমান, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
খোন্দকার আহ্‌ছান করিম, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা
কর্তৃক প্রকাশিত।